

বড় শির্ক ও ছোট শির্ক

বিভাগ/অধ্যায়ঃ বড় শির্কের প্রকারভেদ রচয়িতা/সঙ্কলকঃ মোস্তাফিজুর রহমান বিন আব্দুল আজিজ আল-মাদানী

২৭. একমাত্র আল্লাহ্ তা'আলা ছাড়াও অন্য কোন নবী বা ওলী মানব অন্তরের কোন লুক্কায়িত কথা জানতে পারে এমন মনে করার শির্ক

একমাত্র আল্লাহ্ তা'আলাই মানব অন্তরের লুক্কায়িত কথা জানতে পারেন। তিনি ছাড়া অন্য কেউ তা জানতে কখনোই সক্ষম নয়।

আল্লাহ্ তা'আলা বলেন:

«وَأَسِرُّوْا قَوْلَكُمْ أَوِ اجْهَرُوْا بِهِ، إِنَّهُ عَلِيْمٌ بِذَاتِ الصَّدُوْرِ، أَلاَ يَعْلَمُ مَنْ خَلَقَ، وَهُوَ اللَّطِيْفُ الْخَبِيْرُ»

"তোমরা তোমাদের কথা যতই গোপনে বলো অথবা প্রকাশ্যে আল্লাহ্ তা'আলা তা সবই শুনেন। এমনকি তিনি অন্তরে লুক্কায়িত বস্তুও জানেন। যিনি সকল বস্তু সৃষ্টি করেছেন তিনি কি সকল কিছু জানবেন না? না কি অন্য কেউ জানবেন। তিনিই সূক্ষদর্শী এবং সকল বিষয়ে অবগত"। (মুলক : ১৩-১৪)

আনাস্ (রা.) থেকে বর্ণিত তিনি বলেন:

إِنَّ رِعْلًا وَذَكُوانَ وَعُصَيَّةَ وَيَنِيْ لَحْيَانَ اسْتَمَدُّواْ رَسُوْلَ اللهِ صلى الله عليه وسلم عَلَى عَدُوِّ، فَأَمَدَّهُمْ بِسَبْعِيْنَ مِنَ الْأَنْصَارِ، كُنَّا نُسَمِّيْهِمْ الْقُرَّاءَ فِيْ زَمَانِهِمْ، كَانُواْ يَحْتَطِبُوْنَ بِالنَّهَارِ وَيُصَلُّوْنَ بِاللَّيْلِ، حَتَّى كَانُواْ بِبِئْرِ مَعُوْنَةَ مَنَ الْأَنْصَارِ، كُنَّا نُسَمِّيْهِمْ الْقُرَّاءَ فِيْ زَمَانِهِمْ، كَانُواْ يَحْتَطِبُوْنَ بِالنَّهَارِ وَيُصَلُّوْنَ بِاللَّيْلِ، حَتَّى كَانُواْ بِبِئْرِ مَعُوْنَةَ قَتَلُوْهُمْ وَغَدَرُواْ بِهِمْ، فَبَلَغَ النَّبِيَّ صلى الله عليه وسلم فَقَنَتَ شَهْرًا، يَدْعُوْ فِيْ الصَّبْحِ عَلَى أَحْيَاءٍ مِنْ أَحْيَاءِ الله عليه وسلم فَقَنَتَ شَهْرًا، يَدْعُوْ فِيْ الصَّبْحِ عَلَى أَحْيَاءٍ مِنْ أَحْيَاءِ الله عليه وسلم فَقَنتَ شَهْرًا، يَدْعُوْ فِيْ الصَّبْحِ عَلَى أَحْيَاءٍ مِنْ أَحْيَاء

"রি'ল, যাক্ওয়ান, 'উসাইয়াহ্ ও বানী লাহ্'ইয়ান নামক চারটি সম্প্রদায় রাসূল (সা.) এর নিকট শক্রর বিপক্ষে সাহায্য চাইলে রাসূল (সা.) তাদেরকে সত্তর জন আঙ্গারী দিয়ে সহযোগিতা করলেন। আমরা তাদেরকে সে যুগের কারী সাহেবান বলে ডাকতাম। তারা দিনে লাকড়ি কাটতো আর রাত্রিতে বেশি বেশি নফল নামায পড়তো। যখন তারা মা'উনা কূপের নিকট পৌঁছালো তখন তারা উক্ত সাহাবাদেরকে হত্যা করে দিলো। নবী (সা.) এর নিকট সংবাদটি পৌঁছালে তিনি এক মাস যাবৎ ফজরের নামাযে কুনূত পড়ে তাদেরকে বদ্ দো'আ করেন"। (বুখারী, হাদীস ৪০৯০ মুসলিম, হাদীস ৬৭৭)

যদি রাসূল (সা.) তাদের মনের লুক্কায়িত কথা জানতেন তাহলে প্রথম থেকেই তিনি তাদেরকে সাহাবা দিয়ে সহযোগিতা করতেন না। কারণ, তখন তিনি তাদের মনের শয়তানির কথা অবশ্যই জানতেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11636

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন